

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ

আগারগাঁও শেরে বাংলানগর, ঢাকা

=====

স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.০৫.০০৩.১৬.১৭৬২

তারিখ : ২১/০৩/২০১৮

“দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতনভাতা প্রদান
সংক্রান্ত জরুরী নির্দেশনা”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, “দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসার কওমী/আলিয়া নেসাবের শিক্ষকগণ তাঁদের যোগদানের তারিখ থেকে অর্থাৎ কওমী নেসাবের শিক্ষকদের ০৫/০৩/২০১৮ তারিখ থেকে এবং আলিয়া নেসাবের শিক্ষকগণ ১৯/০৩/২০১৮ তারিখ থেকে মাসিক(চলতি মাস ৩১দিন ধরে) বেতনভাতা/পারিশ্রমিক নির্ধারিত ১১৩০০/- (এগার হাজার তিনশত) টাকা থেকে সমানুপাতিকহারে যাঁর যা প্রাপ্য তা পরিশোধ করতে হবে। যোগদানের পরের মাস থেকে তারা নিয়মিতভাবে নির্ধারিত ১১৩০০/- (এগার হাজার তিনশত) টাকা হারে মাসিক বেতনভাতা/পারিশ্রমিক প্রাপ্য হবেন।

০২। তবে দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় যোগদানকৃত শিক্ষকগণের মধ্য থেকে যাঁরা পূর্বে প্রাক-প্রাথমিক বা সহজ কুরআন শিক্ষা বা বয়স্ক শিক্ষার শিক্ষক ছিলেন বা রিসোর্স সেন্টারের মডেল বা সাধারণ কেয়ারটেকার ছিলেন তাঁরা দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় যোগদানের পূর্ব তারিখ পর্যন্ত বিদ্যমান কার্যক্রমে দায়িত্ব পালন করে থাকলে পূর্বের নিয়মে যে যতদিন কর্মরত ছিলেন সে কয়দিনের বেতনভাতা/পারিশ্রমিক পরিশোধ করতে হবে। কোন শিক্ষকের মাসিক বেতনভাতা/পারিশ্রমিক বকেয়া থাকলে তাও বিধি মোতাবেক পরিশোধ করতে হবে।

০৩। এছাড়া ২০১৮ শিক্ষাবর্ষে বিদ্যমান সকল স্তরের(প্রাক-প্রাথমিক, সহজ কুরআন শিক্ষা ও বয়স্ক শিক্ষা) শিক্ষকের মাসিক বেতনভাতা/পারিশ্রমিক মার্চ ২০১৮ পর্যন্ত সময়ের জন্য পরিশোধ করতে হবে। পরবর্তীতে নীতিমালা ও ইতোপূর্বে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক যাচাই-বাচাই করে জেলা হতে প্রেরিত কেন্দ্র তালিকা অনুমোদন করা হবে। এক্ষেত্রে কোন অনিয়ম/অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট সকলে দায়ী থাকবেন।

০৪। “দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা”র শিক্ষকগণ যেহেতু নিয়মিত জনবলের মত পূর্ণকালীন দায়িত্ব পালন করবেন বিধায় তাঁদের প্রতিমাসের মাসিক বেতনভাতা/পারিশ্রমিক জেলার অন্যান্য নিয়মিত ও পূর্ণকালীন জনবলের মত মাস শেষে নির্ধারিত ১১৩০০/- (এগার হাজার তিনশত) টাকা হারে পরিশোধ করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রকল্প পরিচালকের অনুমোদনক্রমে-



(মুহাম্মদ মজিব উল্লাহ ফরহাদ)

উপ-পরিচালক(কার্যক্রম)

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম

ফোনঃ ০২-৮১৮১৫২৩

ই-মেইল- moushik.if@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। উপ-পরিচালক (উপ-সচিব/অর্থ ও বাজেট), মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
- ২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও উপ-পরিচালক (প্রশাসন), মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
- ৩। পরিচালক/উপ-পরিচালক, -----বিভাগীয়/জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।
- ৪। উপ-পরিচালক (কার্যক্রম), মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
- ৫। সকল সহকারী পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ইসলামিক ফাউন্ডেশন(মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)
- ৭। প্রকল্প পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
- ৮। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।